তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৬
স্মারক নং : রিহ্যাব (অপা. ডি. ০০৭)/ রাজউক-রিহ্যাব/বসতি মেলা- ২০২৬/০১/১৫২৫৪

বরাবর
**সম্মানিত সদস্যবৃন্দ**
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ ।

**বিষয়: রাজউক আয়োজিত 'বিশ্ব বসতি দিবস-২০২৬' উপলক্ষে আয়োজিতব্য প্রদর্শনীতে (বসতি মেলা) স্টল বরাদ্দের অর্থ ও প্রয়োজনীয় তথ্য প্রদান।**

সূত্র-১: রাজউক-এর স্মারক নং: ২৫.০৬.০০০০.০০৯.২৩.০০০১.২৫-৪২০; তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২৬।
সূত্র-২: স্মারক নং: রিহ্যাব/প্র:অপা:ডি:০০৭/বি:ব:দি-২০২৬/বসতি মেলা-১/১২২৫৩; তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২৬

জনাব,
আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ।
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর পক্ষ থেকে আপনাকে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে রিহ্যাব-এর সকল সম্মানিত সদস্য প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর উদ্যোগে আগামী ০৫, ০৬, ০৭ অক্টোবর, ২০২৬ বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ০৩ (তিন) দিনব্যাপী 'বিশ্ব বসতি দিবস-২০২৬' এর প্রদর্শনী (বসতি মেলা) অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী- জনাব তারেক রহমান, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

রাজউক আয়োজিত বসতি মেলায় রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানসমূহের জন্য ১০০ (একশত) টি স্টল সংরক্ষিত রাখা হয়েছে (কপি সংযুক্ত)। এমতাবস্থায়, আগ্রহী রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানসমূহকে উক্ত প্রদর্শনীতে স্টল বরাদ্দ গ্রহণের জন্য নিম্নে স্টল ফি ও স্টল- এর পরিমাপ প্রদান করা হলো।

গোল্ড-স্পন্সর স্টল, কো-স্পন্সর স্টল, সাধারণ স্টল, টাকার ও বরাদ্দের তথ্য:

| ক্রমিক নং | অংশগ্রহণের প্রকার | টাকা | স্টল এর পরিমাপ |
|---|---|---|---|
| ০১। | গোল্ড স্পন্সর ফি ও স্টল | ৫,০০,০০০/- | ৮ফিট X ৩২ ফিট |
| ০২। | কো-স্পন্সর ফি ও স্টল | ৩,০০,০০০/- | ৮ফিট X ২৪ ফিট |
| ০৩। | সাধারণ স্টল (২টি) ফি | ১,৫০,০০০/- | ৮ফিট X ১৬ ফিট |
| ০৪। | সাধারণ স্টল (১টি) ফি | ৭৫,০০০/- | ৮ফিট X ৮ফিট |
| ০৫। | সাধারণ স্টল<br>(বিল্ডিং ম্যাটেরিয়াল প্রতিষ্ঠানের জন্য) | ১,০০,০০০/- | ৮ফিট X ৮ফিট |

এই পরিপ্রেক্ষিতে আসন্ন বসতি মেলা ২০২৬ এ অংশগ্রহণে ইচ্ছুক রিহ্যাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান/বিল্ডিং ম্যাটেরিয়াল প্রতিষ্ঠানেকে চূড়ান্ত বুকিং প্রদানের জন্য "রিহ্যাব" বরাবরে পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাফট জমা দিতে হবে (অফেরৎযোগ্য)। টাকা জমা দেওয়ার ক্রমানুসারে স্টল বরাদ্দের জন্য লটারী অনুষ্ঠিত হবে এবং এই লটারীর মাধ্যমে প্রাপ্ত স্টল নম্বরই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

রাজউক আয়োজিত এই বসতি মেলায় গোল্ড স্পন্সর স্টলে ১২ জন (প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ পরিচালকসহ) , কো-স্পন্সর স্টলে ৯ জন (প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালকসহ) ও সাধারণ প্রতিটি স্টলে ৩ জন (প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ পরিচালকসহ) প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।



REHAB
REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

CamScanner

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর উদ্যোগে 'বিশ্ব বসতি দিবস-২০২৬' এর প্রদর্শনী (বসতি মেলা) এ অংশগ্রহণে ইচ্ছুক রিহ্যাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠানসমূহকে এ পত্রের সাথে সংযুক্ত ফরমটি যথাযথ ভাবে পূরণ পূর্বক **আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ (বুধবার) এর** মধ্যে **"রিহ্যাব"** বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট- রিহ্যাব সচিবালয়ে জমা দিতে হবে।

প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনবিহীন কোন প্রকল্প, প্লট, ফ্ল্যাট, কমার্শিয়াল স্পেস উপস্থাপন, প্রদর্শন ও বিপণন করার কোন সুযোগ মেলাতে থাকবেনা। এই প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠানের স্টল বুকিং নিশ্চিৎ করে বসতি মেলা সফল করতে সার্বিক সহযোগিতা কামনা করছি।

**প্রয়োজনে যোগাযোগ:**

**জনাব মো. মোস্তাফিজুর রহমান**

উপ-ব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন বিভাগ), রিহ্যাব

মোবাইল- ০১৭৫৫৫৫৫৩১৮

ধন্যবাদান্তে-

(আব্দুর রাজ্জাক)

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ।

সংযুক্তি:

১. স্টল বুকিং ফরম



REHAB
REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

**REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH**

**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org

**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram

**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

CamScanner

# বিশ্ব বসতি দিবস-২০২৬' এর প্রদর্শনী (বসতি মেলা) - ২০২৬

০৫, ০৬, ০৭ অক্টোবর, ২০২৬

স্থান : বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে, আগারগাঁও, ঢাকা।

## স্টল বুকিং ফরম

১. প্রতিষ্ঠানের নাম : ..............................................................................................

২. রিহ্যাব সদস্য নং : ..............................................................................................

৩. ঠিকানা : ..............................................................................................

..............................................................................................

ফোন : ............................................. মোবাইল ফোন:.....................................................

ই-মেইল : ..............................................................................................

৪. যোগাযোগকারী ব্যক্তির নাম:..................................................পদবী:..............................

মোবাইল ফোন:...................................... ই-মেইল :..................................................

৫. স্টল বরাদ্দের তথ্য নিম্নরূপ (টিক চিহ্ন):

| ক্রমিক নং | অংশগ্রহণের প্রকার | টাকা | টিক ব্যবহার করুন |
|---|---|---|---|
| ১. | গোল্ড স্পন্সর ফি ও স্টল | ৫,০০,০০০/- | |
| ২. | কো-স্পন্সর ফি ও স্টল | ৩,০০,০০০/- | |
| ৩. | সাধারণ স্টল (২টি) | ১,৫০,০০০/- | |
| ৪. | সাধারণ স্টল (১টি) | ৭৫,০০০/- | |
| ৫. | বিল্ডিং ম্যাটেরিয়াস স্টল (২টি) | ২,০০,০০০/- | |
| ৬. | বিল্ডিং ম্যাটেরিয়াস স্টল (১টি) | ১,০০,০০০/- | |

অর্থের পরিমাণ : কথায় :

পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নং : ...................................................... তারিখ : ...............................

ব্যাংকের নাম : ...................................................... শাখা : ......................................................

প্রতিষ্ঠানের প্রতিনিধির স্বাক্ষর ও সীল তারিখ : .............................. .



REHAB ✶ REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

CS CamScanner

তারিখ : ২৪ সেপ্টেম্বর, ২০২৬
স্মারক নং : রিহ্যাব (অপা. ডি. ০০৭)/ রাজউক-রিহ্যাব/বসতি মেলা- ২০২৬/০২/১৫২৫৪

বরাবর
অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠান
বিশ্ব বসতি দিবস-২০২৬

বিষয়ঃ রাজউক কর্তৃক আয়োজিত "বিশ্ব বসতি দিবস-২০২৬" উপলক্ষে অনুষ্ঠিতব্য প্রদর্শনীতে (বসতি মেলা) অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের লোগো (Logo) ও প্রতিনিধিদের ID Card এর তথ্য সরবরাহ।

জনাব

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)- এর পক্ষ থেকে আপনাকে আন্তরিক শুভেচ্ছা।

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আগামী ০৫-০৭ অক্টোবর, ২০২৬ তারিখে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর উদ্যোগে ০৩ (তিন) দিনব্যাপী "বিশ্ব বসতি দিবস-২০২৬" এর প্রদর্শনী (বসতি মেলা) অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই বিশ্ব বসতি দিবস-২০২৬ এর প্রদর্শনী (বসতি মেলা) চলাকালীন বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে চলাফেরা ও নিরাপত্তার সুবিধার্থে প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালকসহ গোল্ড স্পন্সর স্টলে ১২ জন, কো-স্পন্সর স্টলে ৯ জন, সাধারণ স্টলে ৩ জন (প্রতিটি স্টলের জন্য) প্রতিনিধি-কে ID Card প্রদান করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তার স্বার্থে SSF এর চাহিদা অনুসারে আপনাদের ID Card এর জন্য সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, প্রতিষ্ঠানের লোগো (Adobe Illustrator), মোবাইল নম্বর ও তথ্য সম্বলিত ফরম Hard copy (প্রতিষ্ঠানের প্যাডে) & Soft copy (পূরণকৃত MS Word-এ) Pen drive/CD তে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) তারিখের মধ্যে রিহ্যাব সচিবালয়ে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

অতএব, উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায় সার্বিক নিরাপত্তার স্বার্থে সঠিক তথ্য আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) এর মধ্যে রিহ্যাব সচিবালয়ে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে-

(আব্দুর রাজ্জাক)
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ।

সংযুক্তিঃ 1. Information for ID Card (নমুনা)



REHAB — REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

CamScanner

REHAB

## Information for ID Card

(For Each Participant)

PHOTO

(PP Size)

| | | |
|---|---|---|
| **1.** | **Name of the Person** | :............................................................... |
| **2.** | **Designation** | :............................................................... |
| **3.** | **NID No.** | : ............................................................ |
| **3.** | **Contact No. (Mobile)** | :............................................................... |
| **4.** | **Name of the Company** | :............................................................... |
| **5.** | **Address of the Company** | :............................................................... |
| | | ............................................................... |
| | | ............................................................... |

Date:

Signature & Seal

**REHAB Representative**

*****বি: দ্র:- ID Card Information, Photo, Logo, NID (Hard copy & Soft copy) কপি Pen drive/CD এর মাধ্যমে রিহ্যাব সচিবালয়ে জমা দিতে হবে।**



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org

**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram

**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885